সংবাদ

তারিখ: 29 AUG 2016
পৃষ্ঠা: ৫ কলাম: ৬



মোরেলগঞ্জে বরইতলা স. প্রা. স্কুলে মেঝেতে বসিয়ে চলো শিশুদের পাঠদান -সংবাদ

# মোরেলগঞ্জে শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**প্রতিনিধি, মোরেলগঞ্জ (বাগেরহাট)**

বাগেরহাটের মোরেলগঞ্জে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে নানা দুর্নীতির অভিযোগ উঠেছে। জিউধরা ইউনিয়নের বরইতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. নাসির হাওলাদারের বিরুদ্ধে অভিযোগ এনছে এলাকাবাসী। গত শনিবার বিদ্যালয়ের অভিভাবক, ম্যানেজিং কমিটির সদস্যগন ও এলাকাবাসি তার অপসারণ দাবি করে বিদ্যালয়ের সামনে বিক্ষোভ মিছিল করেন। বিদ্যালয়টির প্রতিষ্ঠতা ইউনিয়ন আ.লীগের সাবেক সভাপতি সাবেক চেয়ারম্যান হাবিবুর রহমানও এই বিক্ষোভে সামিল হন। অভিযোগে জানা গেছে, নাসির হাওলাদার এক সময় ছাত্র শিবিরের ক্যাডার ছিলো। বর্তমানে তিনি এই বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক। এখানে কখনো জাতীয় সঙ্গীত গাওয়ানো হয়না। অর্থলোভী এই শিক্ষক ২০১৫-২০১৬ অর্থবছরে পাওয়া স্লিপের ৪০ হাজার ও প্রাক প্রাথমিকের ৫ হাজার টাকার সিংহভাগ আত্মসাৎ করেছেন। প্রাক প্রাথমিকের শ্রেণিকক্ষে শিশুদেরকে ফ্লোরে (মেঝেতে) বসিয়ে পাঠদান করা হয়। নেই কোন খেলনা বা উপকরণও। গত ২য় সাময়িক পরীক্ষায় শিশু শ্রেণীতে ৩০টাকা, ১ম ও ২য় শ্রেণীতে ৪০, ৩য় ও ৪র্থ শ্রেণিতে ৬০ ও ৫ম শ্রেণীতে ৭০ টাকা করে ফি আদায় করা হয়েছে। বিদ্যালয়টিতে ৯৬ জন ছাত্র ছাত্রী রয়েছে। কিন্তু এদের জন্য নিরাপদ পানীয় জলেরও কোন ব্যবস্থা নেই।

এসএমসির সদস্য মো. নাছির হাওলাদার এসব অসংগতির প্রতিকার চেয়ে বিভিন্ন দপ্তরে অভিযোগ দায়ের করেছেন। স্থানীয় সংসদ সদস্য ডা. মোজাম্মেল হোসেন উপজেলা শিক্ষা অফিসারকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নাসির হাওলাদার এসকল অভিযোগ অস্বিকার করে বলেন, স্থানীয় বিরোধ ও দ্বন্দ্বের কারণই সকল অভিযোগের সূত্রপাত। এ সম্পর্কে উপজেলা শিক্ষা অফিসার মো. আনিসুর রহমান বলেন, অভিযোগের তদন্ত চলছে। একই সাথে নাসির হাওলাদারকে ৭ দিনের সময় দিয়ে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। ওই সময়ের মধ্যে সন্তোষজনক জবাব দিতে না পারলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।